# কুমিল্লা বিশ্ববিদ্যালয়
## কুমিল্লা-৩৫০৬

স্মারক নং- কু.বি./রেজি./ছাত্র-ছাত্রী ভর্তি-১৯৮/২০০৯ (অংশ-১০)/১৬৫৩৫

তারিখ: ১২ ভাদ্র ১৪২৬ / ২৭ আগস্ট ২০১৯

## ভর্তি বিজ্ঞপ্তি
### শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক শ্রেণিতে বিভিন্ন অনুষদ-এ ভর্তির জন্য নিম্নোক্ত যোগ্যতা সম্পন্ন ছাত্র-ছাত্রীদের নিকট থেকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্তে আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদন টেলিটক মোবাইল অপারেটরের মাধ্যমে গ্রহণ করা হবে। আবেদন ফি ৫৫০/- (পাঁচশত পঞ্চাশ) টাকা ।

**১. আবেদনের তারিখ ও যোগ্যতা: ০১ সেপ্টেম্বর ২০১৯ থেকে ৩০ সেপ্টেম্বর ২০১৯** পর্যন্ত (দিন-রাত যেকোন সময়, এমনকি বন্ধের দিনও আবেদন করা যাবে)।

যোগ্যতা: ২০১৮/২০১৯ সালে অনুষ্ঠিত এইচএসসি/আলিম/সমমানের পরীক্ষায় এবং ২০১৬/২০১৭ সালে অনুষ্ঠিত এসএসসি/দাখিল/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে আবেদন করতে পারবেন।

**২. শর্তাবলী:**

**<u>A ইউনিট-বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ:</u> বিজ্ঞান শাখা থেকে আগত আবেদনকারীর SSC ও HSC/ সমমান পরীক্ষায় সর্বমোট জিপিএ (৪র্থ বিষয়সহ) ৬.৫০ থাকতে হবে।** A ইউনিট-এর বিষয়সমূহের মধ্যে গণিত, সিএসই, আইসিটি, পদার্থবিজ্ঞান ও পরিসংখ্যান বিভাগে ভর্তির জন্য এইচ.এস.সি পর্যায়ে গণিতে জিপি ৩.০০ থাকতে হবে এবং গণিত, সিএসই ও আইসিটি বিভাগে ভর্তি হতে হলে ভর্তি পরীক্ষায় গণিত অব্যশই উত্তর দিতে হবে। ফার্মেসীতে ভর্তিচ্ছুদের উচ্চমাধ্যমিক পরীক্ষায় রসায়ন ও জীববিদ্যায় জিপি ৩.৫০ ও গণিতে জিপি ২.৫০ থাকতে হবে।

**<u>B ইউনিট-কলা ও মানবিক, সামাজিক বিজ্ঞান এবং আইন অনুষদ:</u> মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা থেকে আগত আবেদনকারীর SSC ও HSC/ সমমান পরীক্ষায় সর্বমোট জিপিএ (৪র্থ বিষয়সহ) ৬.০০ থাকতে হবে।** B ইউনিট-এর বিষয়সমূহের মধ্যে ইংরেজিতে ভর্তিচ্ছুদের উচ্চমাধ্যমিক পরীক্ষায় ইংরেজিতে লেটার গ্রেড (A-) এবং অর্থনীতিতে ভর্তিচ্ছুদের উচ্চমাধ্যমিক পর্যায়ে অর্থনীতি, গণিত ও পরিসংখ্যান বিষয়ের যে কোন একটি থাকতে হবে।

**<u>C ইউনিট-বিজনেস স্টাডিজ অনুষদ:</u> ব্যবসায় শিক্ষা, বিজ্ঞান ও মানবিক শাখা থেকে আগত আবেদনকারীর SSC ও HSC/ সমমান পরীক্ষায় সর্বমোট জিপিএ (৪র্থ বিষয়সহ) ৬.০০ থাকতে হবে।**

**<u>জি.সি.ই লেভেল:</u> 'ও' লেভেলে ৫টি এবং 'এ' লেভেলে ন্যূনতম ২টি বিষয়ে উত্তীর্ণ হতে হবে এবং উভয় লেভেলের মোট ৭টি বিষয়ের মধ্যে ৪টি বিষয়ে কমপক্ষে 'বি' গ্রেড প্রাপ্ত হতে হবে।**

- **সকল ইউনিটের আবেদনকারীকে SSC ও HSC/ সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সহ) ৩.০০ থাকতে হবে** এবং ইংরেজি মাধ্যমে পরীক্ষা দিতে ইচ্ছুক পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট ইউনিটের ইউনিট আহ্বায়ক বরাবর ভর্তি পরীক্ষার কমপক্ষে ১৫ দিন আগে স্বহস্তে রেজিস্ট্রেশন ও মোবাইল নম্বরসহ লিখিত আবেদন ডাকযোগে পাঠাতে হবে।

**৩. আবেদনের নিয়মাবলী (টেলিটক মোবাইল অপারেটরের মাধ্যমে ভর্তির আবেদন) :**

ভর্তি পরীক্ষায় আবেদনের জন্য একটি প্রিপেইড টেলিটক মোবাইল ফোন থেকে **১৬২২২** নম্বরে SMS করতে হবে। আবেদনকারীর টেলিটক প্রিপেইড মোবাইলে পর্যাপ্ত পরিমাণ টাকা থাকলে তা থেকে ভর্তি পরীক্ষার নির্দিষ্ট ফি কেটে নিয়ে একটি <u>SMS এর মাধ্যমে সাথে সাথেই একটি User ID ও একটি Password জানিয়ে দেয়া হবে। এই User ID ও Password সযত্নে সংরক্ষণ করতে হবে। একবার SMS করে আবেদন করলে তা আর প্রত্যাহার করা যাবে না।</u>

৩.১) **মেসেজ পাঠানোর নিয়ম:** COU <space> FIRST THREE LETTERS OF HSC BOARD NAME<space>HSC ROLL<space>HSC YEAR<space> FIRST THREE LETTERS OF SSC BOARD NAME<space>SSC ROLL<space>SSC YEAR <space>UNIT NAME।

**উদাহরণ:** কুমিল্লা শিক্ষাবোর্ড হতে ২০১৭ ও ২০১৯ সালে যথাক্রমে SSC ও HSC পাশকৃত শিক্ষার্থী যার SSC রোল নম্বর 123456 ও HSC রোল নম্বর 789123 A ইউনিটে আবেদন করলে তাকে নিচের মত করে মেসেজ পাঠাতে হবে।

COU<space>COM<space>789123<space>2019<space> COM<space>123456<space>2017<space>A

বোর্ডের জন্য কুমিল্লা (COM), সিলেট (SYL), বরিশাল (BAR), চট্টগ্রাম (CHI), ঢাকা (DHA), দিনাজপুর (DIN), যশোর (JES), রাজশাহী (RAJ), মাদরাসা (MAD), কারিগরী শিক্ষা বোর্ড (TEC) লিখতে হবে।

৩.২) **কোটায় ছাত্রছাত্রী ভর্তি সম্পর্কিত মেসেজ পাঠানোর নিয়ম:**

নিম্নোক্ত কোটায় ভর্তিচ্ছু ছাত্রছাত্রী আবেদন করতে উপরের নিয়ম অনুযায়ী ১৬২২২ নম্বরে SMS করতে হবে।

মুক্তিযোদ্ধা কোটা (FFQ), উপজাতি কোটা (TQ), অ-উপজাতি কোটা (NTQ), শারীরিক প্রতিবন্ধী কোটা (PDQ), পোষ্য কোটা (WQ), বিকেএসপি কোটা (BKSPQ)।

উদাহরণ: COU<space>COM<space>123456<space>2019<space> COM<space>123456<space>2017<space>A<space> FFQ

৩.৩) উপরের SMS টি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি SMS এ আবেদনকারীর নাম, কাঙ্ক্ষিত ইউনিট, ভর্তির ফি ও একটি PIN জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন ১৬২২২ নম্বরে আরেকটি SMS পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য প্রথম COU, তারপর স্পেস দিয়ে YES, স্পেস দিয়ে PIN, স্পেস দিয়ে আবেদনকারীর যোগাযোগের জন্য যে কোন একটি মোবাইল নম্বর লিখে ১৬২২২ নম্বরে SMS করতে হবে।

উদাহরণ: COU<space>YES<space>654321<space>01XXXXXXXXX। এখানে ৬৫৪৩২১ এর জায়গায় আবেদনকারীর নিজ নিজ PIN টি বসাতে হবে। উল্লেখ্য যে, সম্মতি জানিয়ে SMS পাঠালেই কেবল আবেদনকারীর মোবাইল ফোন থেকে ভর্তি পরীক্ষার ফি কেটে নেয়া হবে, অন্যথায় কোন ফি কাটা হবে না। আবেদনকারীর টেলিটক মোবাইলে পর্যাপ্ত পরিমাণ টাকা থাকলে তা থেকে ভর্তি পরীক্ষার নির্দিষ্ট ফি কেটে নিয়ে একটি এসএমএস এর মাধ্যমে সংশ্লিষ্ট ইউনিটের প্রবেশপত্রের জন্য একটি **User ID ও Password** দেয়া হবে। একবার এসএমএস করে আবেদন করলে তা প্রত্যাহার করা যাবে না। **User ID ও Password সযত্নে নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে।**

৩.৪) "O"/"A" Level এর ক্ষেত্রে আবেদনকারীকে উপরের নিয়ম অনুযায়ী ১৬২২২ নম্বরে SMS করতে হবে। এক্ষেত্রে বোর্ডের নামের জায়গায় GCE লিখতে হবে। উদাহরণ: COU<space>GCE<space>123456<space>2019<space>A। এখানে ১২৩৪৫৬ এর জায়গায় আবেদনকারীর A Level এর নিজ নিজ Candidate নম্বরটি বসাতে হবে এবং কেউ ২০১৮ সালে A-লেভেল পাশ করে থাকলে ২০১৯ এর জায়গায় ২০১৮ লিখতে হবে।

উপরের উদাহরণগুলো A ইউনিটের জন্য প্রযোজ্য। একইভাবে B ইউনিটে আবেদনের জন্য A এর জায়গায় B লিখতে হবে, C ইউনিটে আবেদনের জন্য A এর জায়গায় C লিখতে হবে ।

৩.৫) **প্রবেশপত্র ডাউনলোড :** অনলাইনে প্রবেশপত্র ডাউনলোড করার সময়সীমা এসএমএস/COUওয়েব সাইট/প্রেসবিজ্ঞপ্তি-এর মাধ্যমে জানানো হবে। প্রবেশপত্র প্রাপ্তির জন্য <u>http://cou.teletalk.com.bd</u> এ ব্রাউজ করতে হবে। COU এডমিশন অপশনে ক্লিক করে স্ব স্ব User ID ও Password দিয়ে লগ ইন করলে আবেদনকারীর তথ্য প্রদর্শিত হবে এবং ছবি ও স্বাক্ষর আপলোড এর অপশন পাওয়া যাবে। **ছবি ও স্বাক্ষর একবার আপলোড হয়ে গেলে পরিবর্তনের কোন সুযোগ নেই।**

**<u>Photo & Signature upload :</u>**

Photo (দৈর্ঘ্য ×প্রস্থ) 300 × 300 pixel এবং এই ছবির ফাইল সাইজ 100KB এর বেশি বাঞ্ছনীয় নয়। সাদাকালো ছবি গ্রহণযোগ্য নয়। Signature এর ক্ষেত্রে (দৈর্ঘ্য×প্রস্থ) 300 × 80 pixel এবং ছবির ফাইল সাইজ 60KB এর বেশি বাঞ্ছনীয় নয়। Photo & Signature Upload হলে প্রবেশপত্র ডাউনলোড করে ২ (দুই) কপি প্রবেশপত্র প্রিন্ট করে নিতে হবে। ডাউনলোডকৃত প্রবেশপত্রে অবশ্যই ০১(এক)কপি করে রঙিন ছবি সংযুক্ত করতে হবে। প্রবেশপত্রের এক কপি পরীক্ষার হলে নিজের কাছে রাখতে হবে এবং অন্য কপি পরীক্ষার হলে সংশ্লিষ্ট পরিদর্শকের নিকট জমা দিতে হবে। প্রবেশপত্রে ছাত্র/ছাত্রীদের ইউনিট, নাম, রোল নম্বর, পরীক্ষা কেন্দ্র, ভবন, কক্ষ নম্বর, পরীক্ষার তারিখ ও সময় লেখা থাকবে।

**৪. ভর্তি পরীক্ষার তারিখ ও সময়সূচি:**

**আগামী ০৮ এবং ০৯ নভেম্বর ২০১৯খ্রি. তারিখ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।** ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড, পরীক্ষার মান বন্টন, অনুষদভিত্তিক বিভাগসমূহ, আসন সংখ্যা ও অন্যান্য শর্তাবলী যথাসময়ে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সংরক্ষিত ভর্তি নির্দেশিকা হতে জানা যাবে। ইউনিট ভিত্তিক ভর্তি পরীক্ষার তারিখ, সময়সূচি, স্থান, আসন বিন্যাস ও সংশ্লিষ্ট তথ্যাবলী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে নোটিশ আকারে প্রকাশ করা হবে।

**কুমিল্লা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট:** www.cou.ac.bd Help Line: 01557-330381/01557-330382

**বি: দ্র: ভর্তি সংক্রান্ত যে কোনো নিয়ম-নীতির পরিবর্তন, সংশোধন, সংযোজন ও বিয়োজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

(অধ্যাপক ড. মোঃ আবু তাহের)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) ও সদস্য-সচিব
কেন্দ্রীয় কমিটি, ভর্তি পরীক্ষা ২০১৯-২০২০
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা-৩৫০৬।

# ভর্তি নির্দেশিকা

**(শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০)**

## আবেদন ফি ও  ফরম পূরণ:

আবেদন ফি ৫৫০/- (পাঁচশত পঞ্চাশ) টাকা ।

**আবেদনের তারিখ ০১ সেপ্টেম্বর ২০১৯ থেকে ৩০ সেপ্টেম্বর ২০১৯** পর্যন্ত (দিন-রাত যেকোন সময়, এমনকি বন্ধের দিনও আবেদন করা যাবে)।

## ভর্তি পরীক্ষার তারিখঃ ০৮ ও ০৯ নভেম্বর ২০১৯

| ক্রমিক নং | ইউনিট | পরীক্ষার তারিখ | পরীক্ষার সময় |
|---|---|---|---|
| ০১ | A ইউনিট: বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ | ০৮/১১/২০১৯ | সকাল ১০:০০ - সকাল ১১:০০ |
| ০২ | B ইউনিট: কলা ও মানবিক, সামাজিক বিজ্ঞান এবং আইন অনুষদ | ০৮/১১/২০১৯ | বিকাল ০৩.০০ - বিকাল ০৪:০০ |
| ০৩ | C ইউনিট: বিজনেস স্টাডিজ অনুষদ | ০৯/১১/২০১৯ | সকাল ১০:০০ - সকাল ১১:০০ |

- আসন বিন্যাস ও সংশ্লিষ্ট অন্যান্য তথ্য যথাসময়ে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে জানা যাবে।

**আবেদনের যোগ্যতা:**

২০১৮/২০১৯ সালে অনুষ্ঠিত এইচএসসি/আলিম/সমমানের পরীক্ষায় এবং ২০১৬/২০১৭ সালে অনুষ্ঠিত এসএসসি/দাখিল/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে আবেদন করতে পারবেন।

**আবেদনের শর্তাবলী:**

| ইউনিটের নাম | SSC ও HSC/ সমমান সর্বমোট জিপিএ (৪র্থ বিষয়সহ) | | | ইউনিট সংশ্লিষ্ট বিভাগ |
|---|---|---|---|---|
| | বিজ্ঞান শাখা থেকে আগত | মানবিক শাখা থেকে আগত | ব্যবসায় শিক্ষা শাখা হতে আগত | |
| A ইউনিট | ৬.৫০ | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | গণিত, পদার্থ বিজ্ঞান, পরিসংখ্যান, রসায়ন, ফার্মেসী, সিএসই এবং আইসিটি |
| B ইউনিট | ৬.০০ | ৬.০০ | ৬.০০ | ইংরেজি, বাংলা, প্রত্নতত্ত্ব, অর্থনীতি, লোক প্রশাসন, নৃবিজ্ঞান, গণযোগাযোগ ও সাংবাদিকতা এবং আইন |
| C ইউনিট | ৬.০০ | ৬.০০ | ৬.০০ | ব্যবস্থাপনা শিক্ষা, এআইএস, মার্কেটিং এবং ফিন্যান্স এন্ড ব্যাংকিং |
| জি.সি.ই লেভেল | ‘ও’ লেভেলে ৫টি এবং ‘এ’ লেভেলে ন্যূনতম ২টি বিষয়ে উত্তীর্ণ হতে হবে এবং উভয় লেভেলের মোট ৭টি বিষয়ের মধ্যে ৪টি বিষয়ে কমপক্ষে ‘বি’ গ্রেড প্রাপ্ত হতে হবে। | | | |

- **সকল ইউনিটের আবেদনকারীকে SSC ও HSC/ সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সহ) ৩.০০ থাকতে হবে।**

**অতিরিক্ত শর্তাবলী:**

- A ইউনিট-এর বিষয়সমূহের মধ্যে গণিত, সিএসই, আইসিটি, পদার্থবিজ্ঞান ও পরিসংখ্যান বিভাগে ভর্তির জন্য এইচ.এস.সি পর্যায়ে গণিতে জিপি ৩.০০ থাকতে হবে এবং গণিত, সিএসই ও আইসিটি বিভাগে ভর্তি হতে হলে ভর্তি পরীক্ষায় গণিত অবশ্যই উত্তর দিতে হবে।
- ফার্মেসীতে ভর্তিচ্ছুদের উচ্চমাধ্যমিক পরীক্ষায় রসায়ন ও জীববিদ্যায় জিপি ৩.৫০ ও গণিতে জিপি ২.৫০ থাকতে হবে। তাছাড়া SSC ও HSC উভয় পরীক্ষায় ৪র্থ বিষয় ছাড়া ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে।
- ইংরেজিতে ভর্তিচ্ছুদের উচ্চমাধ্যমিক পরীক্ষায় ইংরেজিতে লেটার গ্রেড (A-) এবং অর্থনীতিতে ভর্তিচ্ছুদের উচ্চমাধ্যমিক পর্যায়ে অর্থনীতি, গণিত ও পরিসংখ্যান বিষয়ের যে কোন একটি থাকতে হবে।
- ইংরেজি মাধ্যমে পরীক্ষা দিতে ইচ্ছুক পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট ইউনিটের ইউনিট আহ্বায়ক বরাবর ভর্তি পরীক্ষার কমপক্ষে ১৫ দিন আগে স্বহস্তে রেজিস্ট্রেশন ও মোবাইল নম্বরসহ লিখিত আবেদন ডাকযোগে পাঠাতে হবে।

**আবেদনের নিয়মাবলীঃ (মোবাইল ফোনের মাধ্যমে ভর্তির আবেদন)**

ভর্তি পরীক্ষায় আবেদনের জন্য একটি প্রিপেইড টেলিটক মোবাইল ফোন থেকে **১৬২২২** নম্বরে SMS করতে হবে। আবেদনকারীর টেলিটক প্রিপেইড মোবাইলে পর্যাপ্ত পরিমাণ টাকা থাকলে তা থেকে ভর্তি পরীক্ষার নির্দিষ্ট ফি কেটে নিয়ে একটি SMS এর মাধ্যমে সাথে সাথেই একটি User ID ও একটি Password জানিয়ে দেয়া হবে। এই User ID ও Password সযত্নে সংরক্ষণ করতে হবে। একবার SMS করে আবেদন করলে তা আর প্রত্যাহার করা যাবে না।

ক) একটি প্রিপেইড টেলিটক মোবাইল ফোনের মাধ্যমে মেসেজ অপশনে গিয়ে **COU লিখে, স্পেস দিয়ে** HSC শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর, স্পেস দিয়ে HSC পরীক্ষার রোল নম্বর, স্পেস দিয়ে HSC পাশের সাল লিখে, স্পেস দিয়ে SSC শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর, স্পেস দিয়ে SSC পরীক্ষার রোল নম্বর, স্পেস দিয়ে SSC পাশের সাল লিখে, স্পেস দিয়ে কাঙ্খিত গ্রুপের কীওয়ার্ডটি লিখে ১৬২২২ নম্বরে SMS করতে হবে।

উদাহরণ:**COU<space>COM<space>123456<space>2019<space>COM<space>123456<space>2017<space>A**।

উদাহরণটি কুমিল্লা বোর্ডের। এখানে ১২৩৪৫৬ এর জায়গায় আবেদনকারীর নিজের HSC এবং SSC পরীক্ষার রোল নম্বর দিতে হবে। কেউ ২০১৮ সালে HSC পাশ করে থাকলে ২০১৯ এর জায়গায় ২০১৮ লিখতে হবে। একইভাবে B ইউনিটে আবেদনের জন্য A এর জায়গায় B লিখতে হবে, C ইউনিটে আবেদনের জন্য A এর জায়গায় C, অন্যান্য বোর্ডের জন্য কুমিল্লা (COM) এর জায়গায় যথাক্রমে সিলেট (SYL), বরিশাল (BAR), চট্টগ্রাম (CHI), ঢাকা (DHA), দিনাজপুর (DIN), যশোর (JES), রাজশাহী (RAJ), মাদরাসা (MAD), কারিগরী শিক্ষা বোর্ড (TEC) লিখতে হবে।

খ) **কোটায় ছাত্রছাত্রী ভর্তি সম্পর্কিত মেসেজ পাঠানোর নিয়মঃ**

নিম্নোক্ত কোটায় ভর্তিচ্ছু ছাত্রছাত্রী আবেদন করতে উপরের নিয়ম অনুযায়ী ১৬২২২ নম্বরে SMS করতে হবে।

মুক্তিযোদ্ধা কোটা (FFQ), উপজাতি কোটা (TQ), অ-উপজাতি কোটা (NTQ), শারীরিক প্রতিবন্ধী কোটা (PDQ), পোষ্য কোটা (WQ), বিকেএসপি কোটা (BKSPQ)।

উদাহরণ:COU<space>COM<space>123456<space>2019<space>COM<space>123456<space> 2017<space>A<space> FFQ

গ) উপরোক্ত SMS টি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি SMS এ আবেদনকারীর নাম, কাঙ্খিত গ্রুপ, ভর্তির ফি ও একটি PIN জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন ১৬২২২ নম্বরে আরেকটি SMS পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য প্রথম COU, তারপর স্পেস দিয়ে YES, স্পেস দিয়ে PIN, স্পেস দিয়ে আবেদনকারীর যোগাযোগের জন্য যে কোন একটি মোবাইল নম্বর লিখে ১৬২২২ নম্বরে SMS করতে হবে।

উদাহরণঃ **COU<space>YES<space>654321<space>01XXXXXXXXX**। এখানে ৬৫৪৩২১ এর জায়গায় আবেদনকারীর নিজ নিজ PIN টি বসাতে হবে। উল্লেখ্য যে, সম্মতি জানিয়ে SMS পাঠালেই কেবল আবেদনকারীর মোবাইল ফোন থেকে ভর্তি পরীক্ষার ফি ৫৫০/- (পাঁচশত পঞ্চাশ) টাকা কেটে নেয়া হবে, অন্যথায় কোন ফি কাটা হবে না। আবেদনকারীর টেলিটক মোবাইলে পর্যাপ্ত পরিমাণ টাকা থাকলে তা থেকে ভর্তি পরীক্ষার নির্দিষ্ট ফি কেটে নিয়ে একটি এসএমএস এর মাধ্যমে সংশ্লিষ্ট ইউনিটের প্রবেশপত্রের জন্য একটি **User ID ও Password** দেয়া হবে। একবার এসএমএস করে আবেদন করলে তা প্রত্যাহার করা যাবে না। **User ID ও Password সযত্নে নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে।**

ঘ) "O"/"A" Level এর ক্ষেত্রে আবেদনকারীকে উপরের নিয়ম অনুযায়ী ১৬২২২ নম্বরে SMS করতে হবে। এক্ষেত্রে বোর্ডের নামের জায়গায় GCE লিখতে হবে।

উদাহরণ: **COU<space>GCE<space>123456<space>2019<space>A**। এখানে ১২৩৪৫৬ এর জায়গায় আবেদনকারীর A Level এর নিজ নিজ Candidate নম্বরটি বসাতে হবে এবং কেউ ২০১৮ সালে A-লেভেল পাশ করে থাকলে ২০১৯ এর জায়গায় ২০১৮ লিখতে হবে। একইভাবে B ইউনিটে আবেদনের জন্য A এর জায়গায় B লিখতে হবে, C ইউনিটে আবেদনের জন্য A এর জায়গায় C লিখতে হবে।

উপরের উদাহরণগুলো A ইউনিটের জন্য প্রযোজ্য। একইভাবে B ইউনিটে আবেদনের জন্য A এর জায়গায় B লিখতে হবে, C ইউনিটে আবেদনের জন্য A এর জায়গায় C লিখতে হবে ।

ঙ) **প্রবেশপত্র ডাউনলোড** ঃ

অনলাইনে প্রবেশপত্র ডাউনলোড করার সময়সীমা এসএমএস/COUওয়েব সাইট/প্রেসবিজ্ঞপ্তি এর মাধ্যমে জানানো হবে। প্রবেশপত্র প্রাপ্তির জন্য http://cou.teletalk.com.bd এ ব্রাউজ করতে হবে। COU এডমিশন অপশনে ক্লিক করে স্ব স্ব User ID ও Password দিয়ে লগ ইন করলে আবেদনকারীর তথ্য প্রদর্শিত হবে এবং ছবি ও স্বাক্ষর আপলোড এর অপশন পাওয়া যাবে। **User ID এবং Password হারিয়ে গেলে** COU<স্পেস> HELP<স্পেস> HSC শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর<স্পেস>HSC পরীক্ষার রোল নম্বর <স্পেস> HSC পাসের সাল লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে।

**Photo & Signature upload :**

Photo (দৈর্ঘ্য ×প্রস্থ) 300 × 300 pixel এবং এই ছবির ফাইল সাইজ 100KB এর বেশী বাঞ্চনীয় নয়। সাদাকালো ছবি গ্রহণযোগ্য নয়। Signature এর ক্ষেত্রে (দৈর্ঘ্য×প্রস্থ) 300 × 80 pixel এবং ছবির ফাইল সাইজ 60KB এর বেশী বাঞ্চনীয় নয়। Photo & Signature Upload হলে প্রবেশপত্র ডাউনলোড করে ২ (দুই) কপি প্রবেশপত্র প্রিন্ট করে নিতে হবে। প্রবেশপত্রের **০১(এক)** এক কপি পরীক্ষার হলে নিজের কাছে রাখতে হবে এবং অন্য কপি পরীক্ষার হলে সংশ্লিষ্ট পরিদর্শকের নিকট জমা দিতে হবে। প্রবেশপত্রে ছাত্র/ছাত্রীদের ইউনিট, নাম, রোল নম্বর, পরীক্ষা কেন্দ্র, ভবন, কক্ষ নম্বর, পরীক্ষার তারিখ ও সময় লেখা থাকবে। **আপলোড প্রক্রিয়া একবার সম্পন্ন করার পর আর পরিবর্তন করা যাবে না।প্রবেশ পত্র অবশ্যই Offset কাগজে প্রিন্ট করতে হবে।**

**ভর্তি পরীক্ষার দিনে আবেদনকারীর করণীয়:**

(ক) ভর্তি পরীক্ষার দিন প্রত্যেক ইউনিটের জন্য ডাউনলোডকৃত প্রবেশপত্র অবশ্যই সঙ্গে নিয়ে আসতে হবে।
(খ) ভর্তি পরীক্ষা এক ঘণ্টা সময়ের ১০০ নম্বরের MCQ পদ্ধতিতে গ্রহণ করা হবে। প্রতিটি ভুল উত্তরের জন্য **০.২৫** নম্বর কাটা যাবে।

**অনুষদ ও বিভাগ ভিত্তিক আসন বণ্টন:**

| অনুষদ | বিভাগ | বিভিন্ন গ্রুপের জন্য নির্ধারিত আসন | | | |
|---|---|---|---|---|---|
| | | বিজ্ঞান | মানবিক | ব্যবসায় শিক্ষা | আসন সংখ্যা |
| বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ (A ইউনিট) | ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি | ৫০ | ০ | ০ | ৫০ |
| | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | ৫০ | ০ | ০ | ৫০ |
| | গণিত | ৬০ | ০ | ০ | ৬০ |
| | পদার্থবিজ্ঞান | ৫০ | ০ | ০ | ৫০ |
| | রসায়ন | ৫০ | ০ | ০ | ৫০ |
| | পরিসংখ্যান | ৫০ | ০ | ০ | ৫০ |
| | ফার্মেসী | ৪০ | ০ | ০ | ৪০ |
| | **উপ-মোট** | **৩৫০** | **০** | **০** | **৩৫০** |
| কলা ও মানবিক অনুষদ/ সামাজিক বিজ্ঞান অনুষদ (B ইউনিট) | বাংলা | ১২ | ৪১ | ০৭ | ৬০ |
| | ইংরেজি | ১৮ | ৩১ | ১১ | ৬০ |
| | নৃবিজ্ঞান | ১৯ | ৩৫ | ০৬ | ৬০ |
| | অর্থনীতি | ৩৪ | ১৯ | ০৭ | ৬০ |
| | লোক প্রশাসন | ০৮ | ৪৫ | ০৭ | ৬০ |
| | প্রত্নতত্ত্ব | ২০ | ২৬ | ০৪ | ৫০ |
| | আইন | ১৫ | ৩০ | ০৫ | ৫০ |
| | গণযোগাযোগ ও সাংবাদিকতা | ১৫ | ৩০ | ০৫ | ৫০ |
| | **উপ-মোট** | **১৪১** | **২৫৭** | **৫২** | **৪৫০** |
| বিজনেস স্টাডিজ অনুষদ (C ইউনিট) | ব্যবস্থাপনা শিক্ষা | ০৬ | ০৪ | ৫০ | ৬০ |
| | একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস | ০৬ | ০৪ | ৫০ | ৬০ |
| | মার্কেটিং | ০৬ | ০৪ | ৫০ | ৬০ |
| | ফিন্যান্স এন্ড ব্যাংকিং | ০৬ | ০৪ | ৫০ | ৬০ |
| | **উপ-মোট** | **২৪** | **১৬** | **২০০** | **২৪০** |
| | **মোট আসন** | **৫১৫** | **২৭৩** | **২৫২** | **১০৪০** |

**ইউনিট ভিত্তিক আসন বণ্টন:**

| ক্রমিক | ইউনিট | আসন সংখ্যা |
|---|---|---|
| ০১ | বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ (A ইউনিট) | ৩৫০ |
| ০২ | কলা এবং মানবিক অনুষদ/ সামাজিক বিজ্ঞান অনুষদ (B ইউনিট) | ৪৫০ |
| ০৩ | বিজনেস স্টাডিজ অনুষদ (C ইউনিট) | ২৪০ |
| | **মোট আসন** | ১০৪০ |

**কোটা বিভাজনঃ**

| অনুষদ | কোটা বিভাজন | আসন সংখ্যা |
|---|---|---|
| **বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ** (A ইউনিট) | মুক্তিযোদ্ধাঃ ১০, উপজাতিঃ ০৪, অ-উপজাতিঃ ০১, শারীরিক প্রতিবন্ধীঃ ০২, পোষ্যঃ ০২, বিকেএসপিঃ ০১ | ২০ |
| **কলা এবং মানবিক অনুষদ/সামাজিক বিজ্ঞান অনুষদ** (B ইউনিট) | মুক্তিযোদ্ধাঃ ১০, উপজাতিঃ ০৬, অ-উপজাতিঃ ০২, শারীরিক প্রতিবন্ধীঃ ০৩, পোষ্যঃ ০২, বিকেএসপিঃ ০২ | ২৫ |
| **বিজনেস স্টাডিজ অনুষদ** (C ইউনিট) | মুক্তিযোদ্ধাঃ ০৭, উপজাতিঃ ০২, অ-উপজাতিঃ ০১, শারীরিক প্রতিবন্ধীঃ ০১, পোষ্যঃ ০২, বিকেএসপিঃ ০১ | ১৪ |
| | সর্বমোট | ৫৯ |

বিঃদ্রঃ কোটাভিত্তিক আসন ৫৯টি, যাহা মূল আসন ১০৪০ এর অতিরিক্ত হিসেবে গণ্য হবে। কোটা থেকে উত্তীর্ন ছাত্র-ছাত্রীরা মেধা ভিত্তিতে বিভিন্ন বিভাগে ভর্তি হবে এখানে অ-উপজাতি বলতে উপজাতি অঞ্চলে স্থায়ীভাবে বসবাসকারী বাঙালিদের বোঝানো হয়েছে।

**বিশেষভাবে লক্ষণীয় বিষয়ঃ**

**ভর্তি পরীক্ষার দিন সদ্যতোলা দুই কপি রঙিন পাসপোর্ট সাইজের ছবির পিছনে নাম ও প্রদত্ত ভর্তি পরীক্ষার রোল নম্বর লিখে ডাউনলোডকৃত প্রবেশপত্রের দুই অংশে সংযুক্ত করে অবশ্যই সঙ্গে নিয়ে আসতে হবে ।**

- ভর্তি পরীক্ষার সময় আবেদনকারীর ছবি মিলিয়ে পরীক্ষার্থীকে সনাক্ত করা হবে। কোনো রকম গরমিল দেখা দিলে পরীক্ষার্থীকে পরীক্ষার হল থেকে বহিষ্কার করা হবে। ভুল তথ্য সরবরাহ করা হলে ভর্তির আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে। এমনকি আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হতে পারে।

**পরীক্ষা পদ্ধতি, বিষয়, মান বন্টন ও পাশ নম্বরঃ**

- পরীক্ষা M.C.Q (Multiple Choice Question) পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। উত্তরদান পদ্ধতি প্রশ্নপত্রের "নির্দেশাবলী" অংশে বর্ণিত থাকবে।
- ভর্তি পরীক্ষায় মোট ১০০টি প্রশ্ন থাকবে এবং পরীক্ষার জন্য ১ (এক) ঘণ্টা সময় নির্ধারিত থাকবে। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে।
- উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠ্যক্রমের ভিত্তিতে প্রশ্নপত্র প্রণয়ন করা হবে।
- ভর্তি পরীক্ষার সময়ে ক্যালকুলেটর/ যে কোন ধরনের ইলেকট্রনিক্স ডিভাইস (মোবাইল ফোন, স্মার্ট ঘড়ি, ব্লু-টুথ ইত্যাদি) সঙ্গে আনা সম্পূর্ণ নিষিদ্ধ।

- **ভর্তি পরীক্ষায় মোট ১০০টি প্রশ্নের মান বন্টন হবে নিম্নরূপঃ**

| ক্রমিক | ইউনিট | বিষয় |
|---|---|---|
| ০১ | A ইউনিট | ইংরেজি-১৫, বাংলা-১০, পদার্থবিজ্ঞান-২৫, রসায়ন- ২৫ এবং গণিত -২৫/ জীববিজ্ঞান-২৫ ।<br>**বিঃদ্রঃ গণিত, সিএসই এবং আইসিটি বিভাগে ভর্তি হতে হলে ভর্তি পরীক্ষায় গণিত বিষয়ে অব্যশই উত্তর দিতে হবে।** |
| ০২ | B ইউনিট | ইংরেজি- ২৫, বাংলা- ২৫, সাধারণ জ্ঞান-১০ এবং কলা ও মানবিক এবং সামাজিক বিজ্ঞান/বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা বিষয়াবলী-৪০। |
| ০৩ | C ইউনিট | ইংরেজি- ২৫, বাংলা- ২৫, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা- ২৫ এবং হিসাববিজ্ঞান-২৫।<br>**বিঃ দ্রঃ** বিজ্ঞান বিভাগের ছাত্র/ছাত্রীদের জন্য ইংরেজি-২৫, বাংলা-২৫ এবং গণিত-৫০।<br>মানবিক বিভাগের ছাত্র/ছাত্রীদের জন্য ইংরেজি-২৫, বাংলা-২৫ এবং সাধারণ জ্ঞান-৫০। |

- ভর্তি পরীক্ষার প্রাপ্ত নম্বর এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর/গ্রেড-এর ভিত্তিতে মেধাস্কোর নির্ধারিত হবে।

**ভর্তির জন্য লিখিত পরীক্ষার পাশ নম্বরঃ**

| ইউনিট | পাশ নম্বর |
|---|---|
| **A ইউনিট** | ৪০ |
| **B ইউনিট** | ৪০ |
| **C ইউনিট** | **ইংরেজিতে নূন্যতম ১০ সহ ৪০ নম্বর পেতে হবে** |

ভর্তি পরীক্ষায় M.C.Q পদ্ধতির উত্তরপত্র বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহ করা হবে। প্রার্থীকে প্রয়োজনীয় M.C.Q ঘর পূরণ করার উপযোগী কালো বলপেন আনতে হবে। প্রত্যেক প্রার্থীকে কেবল একটি M.C.Q উত্তরপত্র সরবরাহ করা হবে। উত্তরপত্র পূরণে সংশ্লিষ্ট ভুল-ভ্রান্তির দায় প্রার্থীকেই বহন করতে হবে। **পরীক্ষায় ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।**

**বাছাই প্রক্রিয়া:**

- ক) মোট ১৫০ নম্বরের ভিত্তিতে প্রার্থীদের অর্জিত মেধা-স্কোরের ক্রমানুসারে মেধা তালিকা তৈরি করা হবে। এজন্য এস.এস.সি/'O' লেভেল বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত/হিসাবকৃত (৪র্থ বিষয়সহ) জিপিএ-কে ২০%, এইচ.এস.সি/'A' লেভেল বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত/হিসাবকৃত (৪র্থ বিষয়সহ) জিপিএ-কে ৩০% এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরকে ১০০% আপেক্ষিক গুরুত্ব দিয়ে মোট ১৫০ নম্বরের উপর মেধা-স্কোর নির্ণয় করে ক্রমানুসারে মেধা তালিকা তৈরি করা হবে।
  খ) 'O' লেভেল এবং 'A' লেভেল পরীক্ষায় প্রাপ্ত লেটার গ্রেডের পয়েন্ট নিম্নরূপ জিপিএ হিসাব করতে হবে।
  A=5.00 B=4.00 C=3.50 D=3.00
- উত্তীর্ণ প্রার্থীদের তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.cou.ac.bd)-এর মাধ্যমে জানা যাবে।
- ভর্তি পরীক্ষায় কৃতকার্য ছাত্র-ছাত্রীদের মধ্য থেকে মেধাক্রম অনুসারে সাক্ষাৎকারের জন্য ডাকা হবে। সাক্ষাৎকারের সময় সকল সনদের মূল কপি সঙ্গে আনতে হবে। তাদের মধ্য থেকে কেউ অনুপস্থিত থাকলে বা অন্য কোনো কারণে অযোগ্য বিবেচিত হলে, সৃষ্ট শূন্য আসনগুলো পূরণের উদ্দেশ্যে পরবর্তী মেধা তালিকা থেকে প্রয়োজনীয় সংখ্যক প্রার্থীকে সাক্ষাৎকারের জন্য ডাকা হবে। প্রার্থী কোন বিভাগে ভর্তির যোগ্য বিবেচিত হয়েছে তা সাক্ষাৎকারের পর সংশ্লিষ্ট ইউনিটের নোটিশ বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

**ইউনিট বোর্ডে সাক্ষাৎকারের তারিখ:**

- ফলাফল প্রকাশের সময় বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইট-এর মাধ্যমে জানানো হবে।

**ভর্তি প্রক্রিয়া:**

সাক্ষাৎকারের সময় কৃতকার্য ছাত্র-ছাত্রীদেরকে সংশ্লিষ্ট ইউনিট অফিস থেকে একটি 'Choice Form' দেওয়া হবে। যথাযথভাবে 'Choice Form' পূরণ করে স্ব স্ব ইউনিট প্রধানের অফিসে জমা দিতে হবে। পরবর্তীতে মেধাক্রম অনুসারে Choice-এর ভিত্তিতে বিষয় নির্ধারণ করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের ভর্তি ফরমের সাথে মাধ্যমিক/সমমান, উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার মূল গ্রেডসীট, রেজিস্ট্রেশন কার্ড, সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ হয়েছে সে প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার প্রবেশ পত্রের ফটোকপি এবং কোটার ক্ষেত্রে যথাযথ প্রমাণপত্র সত্যায়িত করে ভর্তি ফরমের সঙ্গে যুক্ত করে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। বিভাগ কর্তৃক প্রয়োজনীয় কাগজপত্র যাচাইবাছাই সম্পন্ন করে ভর্তির জন্য পে-ইন-স্লিপ (ব্যাংক রশিদ) প্রদান করা হবে। পে-ইন-স্লিপ-এ উল্লেখিত টাকা নির্দিষ্ট সময়ে ও নির্দিষ্ট ব্যাংকে জমা দিয়ে উক্ত পে-ইন-স্লিপ-এর অংশবিশেষ সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে। অন্যথায় তাঁর ভর্তির মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পরিচয় পত্র একাডেমিক শাখা থেকে পরবর্তীতে প্রদান করা হবে।

ভর্তি সংক্রান্ত কোনো বিষয়ে প্রশ্ন থাকলে Help Line: ০১৫৫৭-৩৩০৩৮১ / ০১৫৫৭-৩৩০৩৮২ নম্বরে যোগাযোগ করে জানা যাবে।

**মাইগ্রেশন প্রক্রিয়া:**

মেধা তালিকা থেকে নির্দিষ্ট সময়ের মধ্যে ভর্তির পর বিভিন্ন বিভাগের শূণ্য আসনগুলো (যদি থাকে), ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের চাহিদা মোতাবেক দাখিলকৃত 'Choice Form'-এর পছন্দক্রম অনুসারে মেধার ভিত্তিতে বিভাগ পরিবর্তনের সুযোগ থাকবে।

**বিঃ দ্রঃ ভর্তি সংক্রান্ত যে কোনো নিয়ম-নীতির পরিবর্তন, সংশোধন, সংযোজন ও বিয়োজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

(অধ্যাপক ড. মোঃ তাহের)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা